তারিখ 01 AUG 2015
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

নতুন মানচিত্রে ব



মাসুদ করিম

ইতিহাসের মাহেন্দ্রক্ষণে নতুন মানচিত্র
ছিটমহল বিনিময়ে ঐতিহাসিক ঘটনা প্রত
বছরের বঞ্চনার ইতিহাসের পরিসমাপ্তি
মূল ভূখণ্ডে অবস্থিত ভারতীয় ছিটমহলে
বাংলাদেশের নাগরিক। তারা সমস্বরে গা
জাতীয় সংগীত— আমার সোনার বাং
ভালোবাসি। উড়ল বাংলাদেশের লা
ছিটমহলের ঘরে ঘরে জ্বলে উঠল ৬৮
রাজনীতির পাশা খেলায় যবনিকাপাত
মানুষের। মুছে গেল রাষ্ট্রহীনতার কষ্ট।
এখন পাবে আইডি কার্ড, জন্মনিবন্ধন
মধ্যেও বাংলাদেশে অন্তর্ভুক্ত ছিটমহল থে
যাচ্ছেন তাদের মধ্যে বিষাদের ছায়া নেমে
তাদের স্বজনদেরও। ছিটমহল বিনিময়
প্রত্যন্ত জনপদে বিশেষ নিরাপত্তা ব্যব
পুলিশের নিরাপত্তা জোরদার ছাড়াও স্থা

তৃণমূলে শুরু হয়েছে আলাপ-আলো
ক্ষমতাসীনদের মাঝে উৎসাহ-উদ্দীপনা বিরা
মধ্যে আছে বিরোধীরা। ২০ দলীয় জোটে
আন্দোলনের পর মামলায় জড়িয়ে অনেক
বর্তমান চেয়ারম্যান আত্মগোপনে
রয়েছেন। এ অবস্থায় জেলার নয়টি
উপজেলার ৬৮টি ইউনিয়নে আওয়ামী
লীগ সমর্থিতদের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতায়
প্রার্থী সংকটে পড়বে বিরোধীরা। সে ক্ষেত্রে
অধিকাংশ ইউনিয়নে ক্ষমতাসীনদের
একাধিক প্রার্থী হওয়ার সম্ভাবনা রয়েছে।
নির্বাচন হলে বিশৃংখলা সৃষ্টির আশংকা প্রক
ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ফোরামের
সাধারণ সম্পাদক মোল্লা মোশাররফ হোসে
বলেন, সুষ্ঠু ও নিরপেক্ষ সহাবস্থান নিশ্চিত
আয়োজন করলে চরম বিশৃংখলা সৃষ্টি
জনগণের ইচ্ছা ও পছন্দের সঠিক প্রতিফল
তবে তেরখাদা ইউনিয়নের চেয়ারম্যান
লীগের সভাপতি এফএম ওয়াহিদুজ্জামান
সহাবহানের কোনো ঘাটতি নেই। সুষ্ঠুভাবে
এখনই ভোট হলে আওয়ামী লীগ সমর্থিত প্র
জানা গেছে, সর্বশেষ খুলনার ৩৯টি ইউনি
সালের ২৯ মার্চ এবং ২৯টিতে ওই বছরের
অনুষ্ঠিত হয়েছিল। স্থানীয় সরকারের সব
এই নির্বাচনে খুলনার ৬৮টি ইউনিয়ন প
সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত মহিলা

ডমরিয়ায় বাঁধ ভেঙে

বাংলাদেশ : নতুন মানচিত্রে

(১ম পৃষ্ঠার পর)

সীমান্ত চুক্তি কার্যকর করতে বাংলাদেশ প্রজ্ঞাপন জারি করে নতুন ভূখণ্ড চিহ্নিত করেছে। বাংলাদেশ ও ভারতের মধ্যে সীমান্ত চুক্তি সই হয় ১৯৭৪ সালে যা মুজিব-ইন্দিরা চুক্তি নামে পরিচিত। ওই সময়ে বাংলাদেশ চুক্তিটি অনুসমর্থন করলেও ভারত তখন তা করেনি। তারপর ২০১১ সালে সীমান্ত চুক্তির সঙ্গে সই হয় প্রটোকল। বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রটোকলসহ সীমান্ত চুক্তি কার্যকর করতে ভারতের সংবিধান সংশোধন জরুরি হয় পড়ে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বর্তমান সরকার দেশটির পার্লামেন্টে সর্বসম্মতভাবে সংবিধান সংশোধনে সমর্থ হন। এরপরই প্রটোকলসহ সীমান্ত চুক্তি বাস্তবায়নের পথ উন্মুক্ত হয়।

মোদির ঢাকা সফরকালে সীমান্ত চুক্তির অনুসমর্থনের দলিল হস্তান্তর করে দুই দেশ। তার আলোকে নির্ধারিত সময় অর্থাৎ ৩১ জুলাই মধ্যরাতেই সীমান্ত চুক্তির বাস্তবায়ন হয়। সে অনুযায়ী বাংলাদেশের অভ্যন্তরে ভারতের ১১১টি ছিটমহল বাংলাদেশের মূল ভূখণ্ডের অংশ হয়ে যায়। সেখানে ওড়ে বাংলাদেশের লাল-সবুজ জাতীয় পতাকা। সেখানে ১৭ হাজার ১৬০ দশমিক ৬৩ একর ভূখণ্ড এখন বাংলাদেশের সীমানা। এসব ভূখণ্ডের অবস্থান বাংলাদেশের লালমনিরহাট, পঞ্চগড়, কুড়িগ্রাম ও নীলফামারী জেলায়। সর্বশেষ গত ৬ থেকে ১৬ জুলাই পর্যন্ত ছিটমহলে দু'দেশের যৌথ জনগণনা মতে, এসব ভূখণ্ডে বাসিন্দার সংখ্যা ৪১ হাজার ৪৪৯ জন। তাদের মধ্যে ৯৭৯ জন তাদের ভারতের নাগরিকত্ব বহাল রেখে ভারত ফিরে যেতে চেয়েছেন। এই ৯৭৯ জন আগামী ৩০ নভেম্বরের মধ্যে ভারত ফিরে যাবেন।

ছিটমহল বিনিময়ের অংশ হিসেবে ভারতের অভ্যন্তরে থাকা বাংলাদেশের ৫১টি ছিটমহলের মালিকানা পেয়েছে ভারত। সেখানে সাত হাজার সাতশ' ১০ দশমিক শূন্য দুই একর ভূখণ্ড বাংলাদেশকে ছাড়তে হয়েছে। ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের কুচবিহার জেলায় এসব ছিটমহল অবস্থিত। সেখানে বাসিন্দার সংখ্যা ১৪ হাজার ২১৫ জন। তাদের কেউই বাংলাদেশের নাগরিকত্ব বহাল রাখতে রাজি হননি। ফলে তারা ভারতের নাগরিক।

দুই হাজার ৭৭৭ দশমিক শূন্য ৩৪ একর ভূখণ্ড ভারত অপদখলীয় রেখেছিল। এসব ভূখণ্ড এখন ভারতের মূল ভূখণ্ডে মিশে যাচ্ছে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে চার হাজার কিলোমিটারের বেশি স্থলসীমান্ত রয়েছে। তার মধ্যে সাড়ে ছয় কিলোমিটার স্থলসীমান্ত অচিহ্নিত ছিল। দু'দেশের যৌথ জরিপ দলের সদস্যরা উত্তরাঞ্চলে দইখাদা এবং পূর্বাঞ্চলীয় লাঠিটিলায় সাড়ে চার কিলোমিটার সীমান্ত চিহ্নিত করেছেন। ফলে এ দুটি স্থানে মানচিত্র নিশ্চিত হল। তবে ফেনী জেলার মুহুরীর চরে সীমানা চিহ্নিত করা সম্ভব হয়নি। মুহুরী নদীর মধ্যসে ইতকে দুই দেশের সীমান্ত রেখা ধরা হয়। কিন্তু মধ্যসে ইতই চিহ্নিত করা সম্ভব হয়নি। ফলে সীমান্ত চুক্তি পুরোপুরি বাস্তবায়নের পথে এই সামান্য বাধাটুকু রয়ে গেল।

ছিটমহল বিনিময় কার্যকর হওয়া নিয়ে ওইসব জনপদে চলছে বাঁধভাঙা উচ্ছ্বাস। স্থানীয় প্রশাসন উত্তরাঞ্চলীয় চার জেলা লালমনিরহাট, পঞ্চগড়, কুড়িগ্রাম ও নীলফামারীতে বাংলাদেশের অন্তর্ভুক্ত হওয়া ছিটমহলগুলোতে আজ সকালে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করবেন। তবে তার আগেই স্থানীয় জনগণ পতাকা উড়িয়েছেন। সেখানের মানুষের হাতে হাতে বাংলাদেশের জাতীয় পতাকা। লালমনিরহাটে ৫৯টি, পঞ্চগড়ে ৩৬টি, কুড়িগ্রামে ১২টি, নীলফামারীতে ৪টি এই মোট ১১১টি ছিটমহল পেয়েছে বাংলাদেশ। সেসব স্থানে এখন নানা আয়োজনে উৎসব চলছে বলে আমাদের সংবাদদাতারা জানাচ্ছেন। এসব আয়োজনের মধ্যে রয়েছে বাড়ি বাড়ি ৬৮টি মোমবাতি প্রজ্বলন, মসজিদ ও মন্দিরে বিশেষ প্রার্থনা, লাঠিখেলা ও নৌকাবাইচ, সাংস্কৃতিক অনুষ্ঠান, যাত্রাপালা ইত্যাদি।

সীমান্ত চুক্তি বাস্তবায়নে ভারতে বিগত কংগ্রেস নেতৃত্বাধীন সরকার উদ্যোগ গ্রহণ করেছিল। কংগ্রেস আমলেই ভারতীয় পার্লামেন্টের উচ্চকক্ষ রাজ্যসভায় বিলটি উত্থাপন করা হয়। কিন্তু ওই সময়ে বিজেপি সীমান্ত চুক্তির বিরোধিতা করে। ফলে সংবিধান সংশোধনী বিল পাস করা সম্ভব হয়নি। তবে বিলটি পার্লামেন্টে থেকে যায়। ভারতে সংবিধান সংশোধন করতে হলে পার্লামেন্টের উচ্চকক্ষ রাজ্যসভা এবং নিম্নকক্ষ লোকসভা উভয় কক্ষেই বিল পাস করতে হয়। কিন্তু বর্তমান